



জাতিসংঘের নিষেধাজ্ঞা প্রত্যাহারের পর যুক্তরাষ্ট্র সফরে যাচ্ছেন সিরিয়ার প্রেসিডেন্ট



সংগৃহীত ছবি

সিরিয়ার প্রেসিডেন্ট আহমেদ আল শারার ওপর থেকে অবশেষে নিষেধাজ্ঞা তুলে নিয়েছে জাতিসংঘের নিরাপত্তা পরিষদ। এই সিদ্ধান্তের ফলে তার নির্ধারিত যুক্তরাষ্ট্র সফরে আর কোনো বাধা থাকছে না।

বৃহস্পতিবার (৬ নভেম্বর) জাতিসংঘ নিরাপত্তা পরিষদে যুক্তরাষ্ট্রের প্রস্তাবিত খসড়া প্রস্তাবটি অনুমোদন পায়। ১৫ সদস্যের মধ্যে ১৪টি দেশ প্রস্তাবের পক্ষে ভোট দেয়, একমাত্র চীন ভোটদানে বিরত থাকে বলে জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স।

একইসঙ্গে প্রেসিডেন্ট আহমেদ আল শারার ও সিরিয়ার স্বরাষ্ট্রমন্ত্রী আনাস খাত্তাবের ওপর থেকে নিষেধাজ্ঞা প্রত্যাহার করা হয়েছে।

আগামী সোমবার (১০ নভেম্বর) ইতিহাসে প্রথমবারের মতো কোনো সিরিয়ান প্রেসিডেন্ট হিসেবে হোয়াইট হাউস সফরে যাচ্ছেন আহমেদ আল শারার। কূটনৈতিক মহল মনে করছে, এই সফর দুই দেশের সম্পর্কের নতুন অধ্যায় সূচনা করতে পারে।